রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ আশ্বিন ১৪১৩ বাং/১১ অক্টোবর ২০০৬ইং

**এস, আর, ও নং ২৪৯-আইন/২০০৬।**—Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 5C এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Ordinance এর section 5A, 5B এবং উক্ত sub-section (1) এ বিধৃত সার্ভেয়ারের কার্যাবলী সম্পাদনের দায়িত্ব, নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ক্লাসিফিকেশন সোসাইটিসমূহকে উহার বিপরীতে কলাম (৩) এ নির্ধারিত বা চিহ্নিত শ্রেণীর জাহাজের ক্ষেত্রে কার্য সম্পাদনের লক্ষ্যে, এই প্রজ্ঞাপনের দ্বিতীয়ভাগে বর্ণিত শর্তসাপেক্ষে, অর্পণ করিল, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | ক্লাসিফিকেশন সোসাইটির নাম | জাহাজের শ্রেণী |
|---|---|---|
| (১) | মেরিটাইম ক্লাসিফিকেশন সোসাইটি | 'ক' শ্রেণীর জাহাজ |
| (২) | সাউথইস্ট রেজিস্টার অব শিপিং | 'ক' শ্রেণীর জাহাজ |
| (৩) | বাংলাদেশ ক্লাসিফিকেশন সোসাইটি | 'খ' শ্রেণীর জাহাজ |

**ব্যাখ্যা।**—এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে—

(১) 'ক' শ্রেণীর জাহাজ অর্থ — যে কোন দৈর্ঘ্যের অভ্যন্তরীণ নৌ-যান যাহা সনাতন নকশা/পদ্ধতিতে নির্মিত নয় এবং ৪০ মিটারের অধিক দৈর্ঘ্যবিশিষ্ট সকল যন্ত্রচালিত দেশীয় নৌকা (Ordinance দ্বারা অব্যাহতি প্রাপ্ত নয়);

(২) 'খ' শ্রেণীর জাহাজ অর্থ — সনাতন নকশা/পদ্ধতিতে অনধিক ৪০ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সকল যন্ত্রচালিত দেশীয় নৌকা (Ordinance দ্বারা অব্যাহতি প্রাপ্ত নয়)।


মূল্য ঃ টাকা ২.০০

## দ্বিতীয় ভাগ

## শর্তসমূহ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে, সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক, অতঃপর মহাপরিচালক বলিয়া উল্লিখিত, এর সহিত সম্পাদিতব্য চুক্তির শর্তানুসারে ক্লাসিফিকেশন সোসাইটিসমূহ কার্য সম্পাদন করিবে।

২। মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সাথে ক্লাসিফিকেশন সোসাইটিসমূহ কার্য-সম্পাদনের প্রয়োজনে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করিবে।

৩। ক্লাসিফিকেশন সোসাইটিসমূহ কার্য সম্পাদনের ভিত্তিতে ক্লাসিফিকেশন সোসাইটি (ফি নির্ধারণ ও আদায় পদ্ধতি) বিধিমালা, ২০০৬ এর অধীন ফি প্রাপ্য হইবে এবং উক্ত বিধিমালার বিধানাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৪। ক্লাসিফিকেশন সোসাইটিসমূহ কার্য সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনাসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৫। শর্ত ১, ৩ এবং ৪ প্রতিপালনে ব্যর্থ হইলে ক্লাসিফিকেশন সোসাইটিসমূহের বিরুদ্ধে উক্ত Ordinance এর বিধান অনুসারে সরকার বা মহাপরিচালক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৬। Ordinance এর অধীন নিযুক্তিয় Surveyor এর দায়িত্ব সম্পাদনের ক্ষেত্রে এবং দায়িত্ব সম্পাদনে ব্যর্থতার কারণে গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কিত উক্ত Ordinance এ বিধৃত বিধানাবলী ক্লাসিফিকেশন সোসাইটিসমূহের ক্ষেত্রে একইরূপে প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।